

ষুণ্ঠৰ্য

প্রিন্ট: ১১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:৫৯ পিএম

শিক্ষাজ্ঞন

চাকসু নির্বাচন

মনোনয়নপত্র সংগ্রহে রেকর্ড, জমাদানের সময় বাড়ল



চবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৫৫ পিএম

চাকসু নির্বাচন ২০২৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

আরও দেখুন

① চবি

① চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

① ডাকসু নির্বাচন

① দীর্ঘ লাইন থেকে অস্থিরতা

① নেপালের বিক্ষেপ

① অপারেশন চক্রবাল

① Current affairs

① ডাকসু ও হল সংসদ নির্বাচন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দেওয়ার সময়সীমা এক দিন বাড়িয়েছে নির্বাচন কমিশন। শাখা ছাত্রদলের লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে বুধবার কমিশনের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এর ফলে বুধবার বিকাল ৫টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করার সুযোগ দেওয়া হয় এবং আজ বিকাল ৫টার মধ্যে জমা দেওয়া যাবে। আগের ঘোষণা অনুযায়ী বুধবার ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন।

চাকসু ও হল সংসদ নির্বাচনে রেকর্ড সংখ্যক প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। বিভিন্ন পদে চার দিনে ১১৬২ জন মনোনয়ন সংগ্রহ করেছেন। চাকসুর মনোনয়নপত্র নিয়েছেন ৫২৮ জন। অন্যদিকে হল ও হোস্টেল সংসদে ৬৩৪ জন মনোনয়নপত্র নিয়েছেন। ছেলেদের হলে মনোনয়নপত্র নিয়েছেন ৪৫৪ জন। আর মেয়েদের হলে মনোনয়নপত্র নিয়েছেন ১৫৪ জন। শিল্পী রশিদ চৌধুরী হোস্টেলে মনোনয়নপত্র নিয়েছেন ১৬ জন।

এদিকে, বুধবার বেলা ১১টার দিকে চাকসু নির্বাচন কমিশনের কার্যালয়ে গিয়ে মনোনয়নপত্র নেওয়া ও জমা দেওয়ার সময়সীমা বাড়ানোর দাবি জানায় শাখা ছাত্রদল। এ সময় তারা প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মনির উদ্দিনের কাছে লিখিত আবেদন জমা দেন।

অধ্যাপক মনির উদ্দিন বলেন, আমরা শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে জরুরি সভা করেছি। সভায় মনোনয়নপত্র গ্রহণ ও জমা দেওয়ার সময় বাড়ানোর বিষয়ে সিদ্ধান্ত নিই।

শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল নোমান বলেন, গ্রামবাসীর সঙ্গে সংঘর্ষে আহতসহ অনেক শিক্ষার্থীর দাবির কারণে মনোনয়নপত্র নেওয়া ও জমা দেওয়ার সময়সীমা বাড়াতে নির্বাচন কমিশন বরাবর লিখিত আবেদন দিই।

লিখিত আবেদনে ছাত্রদল জানায়, ৩০ ও ৩১ আগস্ট হামলায় আহত হয়ে অনেক শিক্ষার্থী এখনো গ্রামের বাড়িতে অবস্থান করছেন। একই সঙ্গে বিভিন্ন বিভাগের ফাইনাল পরীক্ষা চলায় নির্ধারিত সময়ের মধ্যে অনেকেই মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে পারেননি। এমন

পরিস্থিতিতে মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আরও দুদিন বাঢ়ানো হলে সব শিক্ষার্থীর অংশ নেওয়া নিশ্চিত করা যেত।

ছাত্রদল ও ছাত্রশিবিরের প্যানেল নিয়ে আলোচনা : এককভাবে দলীয় নেতাকর্মীরা মনোনয়নপত্র সংগ্রহ করলেও প্যানেল ঘোষণা করেনি ছাত্রদল ও ছাত্রশিবির। ভিপি পদে ছাত্রদল থেকে শাখা ছাত্রদলের সাবেক মুক্তিযুদ্ধ ও গবেষণা সম্পাদক জালাল সিদ্দিকীর নাম শোনা যাচ্ছে। আর ছাত্রশিবিরের ভিপি পদে ইব্রাহিম হোসেন রনি এবং জিএস পদে সাঈদ বিন হাবিবের নাম আলোচনায় আছে।

ছাত্রদল সুত্রে জানা গেছে, বৃহস্পতিবার ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির প্যানেল ঘোষণা করবেন। একইদিন ছাত্রশিবিরের প্যানেলও ঘোষণা হতে পারে।

ডাকসুর ভিপির ছোট ভাইয়ের মনোনয়নপত্র সংগ্রহ : সোহরাওয়ার্দী হল সংসদ নির্বাচনের জন্য মনোনয়নপত্র সংগ্রহ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েমের ছোট ভাই আবু আয়াজ। তবে তিনি জানান, কোন পদে নির্বাচন করবেন, আদৌ নির্বাচন করবেন কিনা তা নির্ভর করছে সাংগঠনিক সিদ্ধান্তের ওপর।

ছাত্রশিবির প্যানেল থেকে মনোনয়নপত্র সংগ্রহ আকাশ দাশের : কেন্দ্রীয় ছাত্র সংসদে ছাত্রশিবির সমর্থিত প্যানেল থেকে কার্যনির্বাহী সদস্য পদে মনোনয়ন সংগ্রহ করেছেন সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থী আকাশ দাশ। দৃষ্টিপ্রতিবন্ধী এই শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের সমাজতন্ত্র বিভাগের তৃতীয় বর্ষে অধ্যয়ন করছেন।